



১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে
প্রত্নুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি : ইয়াসমিন মনিরা
উপজেলা নির্বাহী অফিসার
শালিখা, মাগুরা।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, শালিখা, মাগুরা।
তারিখ : ০৫ মার্চ ২০২৩ খ্রি।
সময় : সকাল ১১:০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে):

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে গত ২৩.০১.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। সভাপতি শালিখা উপজেলায় ১৭ মার্চ যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়ন, কমিটি/উপ-কমিটি গঠন বিষয়ে উপস্থিত সকলের মতামত আহ্বান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে সকলের মতামতের ভিত্তিতে জাতীয় ও জেলা পর্যায়ে কর্মসূচির সাথে সঙ্গতি রেখে শালিখা উপজেলায় দিবসটি উদযাপন উপলক্ষ্যে নিম্নরূপভাবে কর্মসূচি প্রণয়ন এবং বিভিন্ন কমিটি ও বিভিন্ন উপ-কমিটি গঠনসহ অন্যান্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২। ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন এর কর্মসূচি :

তারিখ	সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনায়
১৬ মার্চ ২০২৩	১১:০০ টা	আবুতি ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা : গ্রুপ : (ক) ৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণি (খ) ৬ষ্ঠ শ্রেণি থেকে ৮ম শ্রেণি (গ) ৯ম শ্রেণি থেকে ১০ শ্রেণি (ঘ) একাদশ হতে তদুর্ধ্ব শ্রেণি	উপজেলা পরিষদ সভাকক্ষ শালিখা	সংশ্লিষ্ট উপ-কমিটি
১৭ মার্চ ২০২৩	সকাল ০৯:৩০ টা	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন।	জাতির পিতার মুরাল উপজেলা পরিষদ প্রাঙ্গণ শালিখা	সংশ্লিষ্ট উপ-কমিটি
	বেলা ১০:০০ টা	আলোচনা সভা, কেক কাটা, সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান	উপজেলা পরিষদ মিলনায়তন	সংশ্লিষ্ট উপ-কমিটি
	বেলা ১২:০০ টা	জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষে শিশুর স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য সম্পর্কে আলোচনা।	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স শালিখা	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শালিখা
	সুবিধামত সময়ে	সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক-ছাত্র উপস্থিতিতে আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।	স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার/স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শালিখা
	বাদ জোহর ও সুবিধামত সময়ে	জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষে জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদে বিশেষ মোনাজাত এবং মন্দির, গীর্জা ও অন্যান্য উপাসনালয়ে প্রার্থনা।	উপজেলা পরিষদ কেন্দ্রীয় জামে মসজিদ/ স্ব-স্ব ধর্মীয় প্রতিষ্ঠান	ইসলামিক ফাউন্ডেশন/ ইমাম/পুরোহিত/ধর্মযাজক/ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, শালিখা
	বিকাল ০৪:০০ টা	প্রীতি ফুটবল ম্যাচ : উপজেলা পরিষদ বনাম উপজেলা প্রশাসন	আড়পাড়া সরকারি আইডিয়াল হাইস্কুল মাঠ শালিখা	সংশ্লিষ্ট উপ-কমিটি
	সন্ধ্যায়	আলোকসম্ভা	সকল সরকারি/আধাসরকারি/ সামন্তশাসিত প্রতিষ্ঠান/ বেসরকারি ভবন, শালিখা	সরকারি/আধাসরকারি/ সামন্তশাসিত প্রতিষ্ঠান প্রধান/বেসরকারি ভবনের মালিকগণ